**নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)**

জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জয়পুরহাট।

**নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

**জুলাই-সেপ্টেম্বর/২০২৫ কোয়ার্টার।**

| সভার স্থান : পৌর মিলনায়তন | সভার তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ | সভার সময় : সকাল ১০: ৩০ ঘটিকা | সভাপতি : প্রশাসক, জয়পুরহাট পৌরসভা। |
|---|---|---|---|

**সভার উপস্থিতি : পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য**

| বিগত সভার কার্যবিবরণী পাঠন ও দৃঢ়করন | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জয়পুরহাট পৌরসভার প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হাশেম | গত ২৫/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের সভার আলোচ্য বিষয়সমূহ যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে। | কোন সংশোধনী ছাড়াই দৃঢ়করণ করা হলো । | সভায় আলোচনাক্রমে গত ২৫/০৬/২০২৫খ্রিষ্টাব্দ তারিখের সভার সিদ্ধান্ত সমূহ কোনরূপ সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

| ক্রমিক নং. | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২ | জয়পুরহাট পৌরসভা বাস্তবায়নাধীন অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলির মধ্যে লোকাল গর্ভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধিনে স্পেশাল বরাদ্দের আওতায় ১০ টি স্কীমের কাজ চলমান রয়েছে। এডিপি'র (২য়-৪র্থ) মোট তিনটি কিস্তির বরাদ্দের মাধ্যমে ০৯ টি প্যাকেজের অধীনে ২৩ টি স্কীমের কাজ সম্পন্ন হয়েছে। এডিপি স্পেশাল ও রাজস্ব বরাদ্দের আওতায় ০৬ টি প্যাকেজের মাধ্যমে ১৩ টি স্কীমের কাজ চলমান রয়েছে। রিজিলিয়েন্ট আরবান টেরিটোরিয়াল ডেভেলপমেন্ট প্রজেক্ট এর অধীনে ০১টি প্যাকেজের ০৪টি স্কীমের কাজ চলমান রয়েছে। | জয়পুরহাট পৌরসভার চলমান প্রকল্পগুলির প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামোর কাজগুলি যথাযথ মান বজায় রেখে দ্রুত সম্পুর্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। পৌরসভার প্রকৌশলীগণ নিয়মিত কাজগুলি তদারকি করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | নির্বাহী প্রকৌশলী /উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | |

CS CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | নগর পরিচালন উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | আবু জাফর মোঃ রেজা পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ), জয়পুরহাট পৌরসভা জানান, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর শর্তাবলী অনুযায়ী নগর পরিচালন ব্যবস্থার উন্নয়নের জন্য ৯টি গুরুত্বপূর্ণ ক্ষেত্রের আওতায় ২৮টি কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে TLCC ও WC, স্থায়ী কমিটিসহ অন্যান্য কমিটি সভা আয়োজন চলমান রয়েছে। GESIAP, PRAP, O&M সহ MMT, বর্জ্য সগ্রহ ও অপসারন, ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন, সড়কবাতি কার্যকর রাখা এবং স্যানেটেশন ব্যবস্থাপনার জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব বাজেটে এ খাত সমূহের জন্য বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দ রাখা সাপেক্ষে প্রতিটি কার্যক্রমের ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন এর কাজ চলমান। এছাড়া বকেয়া ও চলতিসহ মোট পৌরকর আদায় দাবীর কমপক্ষে ৭০% এবং পরোক্ষ কর চলতি ও বকেয়া সহ মোট দাবীর কমপক্ষে ৯০% আদায়ের প্রকল্পের যে নির্দেশনা আছে তা অর্জন করা সম্ভব হবে। আলোচনা কালে সভায় উপস্থিত মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা বলেন, ২৮টি কার্যক্রম সন্তোষজনকভাবে বাস্তবায়ন হচ্ছে এবং ত্রৈমাসিক ভিত্তিক কার্যক্রম সমূহের বাস্তবায়নের অগ্রগতির রিপোর্ট প্রস্তুত করে যথানিয়মে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়। | ওয়ার্ড কমিটি WC সহ অন্যান্য কমিটির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ TLCC সভায় স্ব স্ব কমিটির সভাপতি/সদস্য সচিব উপস্থাপন করেন এবং ২৮টি কার্যক্রমের অগ্রগতির তথ্যাদি সহ ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট GESIAP,PRAP, O&MসহMMT, বর্জ্য সগ্রহ ও অপসারন, ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন, সড়কবাতি কার্যকর রাখা এবং স্যানেটেশন ব্যবস্থাপনার জন্য বাজের বরাদ্দ রাখা হয়েছে, সে বাজেটের বরাদ্দের আলোকে প্রস্তুতকৃত ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন করা হলো। কর্মপরিকল্পনসহ ত্রৈমাসিক অগ্রগতির রিপোর্ট যথাসময়ে প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/হিসাব রক্ষণ কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা। | ২ |
| ৪ | কোভিড-১৯ প্রকল্পের স্কীম অনুমোদন | আবু জাফর মোঃ রেজা, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা সভায় জানান, কোভিড-১৯ প্রকল্পের আওতায় পারফরমেন্স এর ভিত্তিতে জয়পুরহাট পৌরসভা পুনরায় প্রায় ৪.৩৩ কোটি টাকার কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে। তদপ্রেক্ষিতে বিভিন্ন অংশীজনের চাহিদার ভিত্তিতে জয়পুরহাট পৌরসভার প্রকৌশলীগণ প্রকল্পের গাইডলাইন অনুসরণ পূর্বক স্কীমগুলো চিহ্নিত করেছেন। স্কীমগুলো সভায় উপস্থাপন করলে বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | লোকাল গর্ভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের (PBG-2) বরাদ্দের আওতায় ০৯টি ওয়ার্ডের গৃহীত স্কীম গুলো প্রকল্পের গাইডলাইন অনুসরণ পূর্বক যাচাই বাছাই অন্তে পরিশিষ্ট 'ক' অনুযায়ী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | নির্বাহী প্রকৌশলী /উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | |
| ৫ | চলতি এডিপি বরাদ্দ বিষয়ে আলোচনা। | জয়পুরহাট পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের নাগরিকগণ তাদের মহল্লার রাস্তা, ড্রেন সহ অন্যান্য ভৌত অবকাঠামোর জন্য প্রশাসক, জয়পুরহাট পৌরসভা বরাবর আবেদন করেছেন। তাদের আবেদনের প্রেক্ষিতে পৌরসভার প্রকৌশলীগণ (সিভিল) সরজমিনে পরিদর্শন এবং মাপজোক করে তালিকা প্রস্তুত করেছেন। এডিপি বরাদ্দ সাপেক্ষে তালিকা হতে যাচাই বাছাই অন্তে TLCC সহ পৌর পরিষদের সভায় সিদ্ধান্তক্রমে স্কীম গ্রহণ করা হবে। বিষয়টি | এডিপির বরাদ্দ সাপেক্ষে প্রস্তুতকৃত তালিকার মধ্যে অধিক জনগুরুত্বপূর্ন কাজগুলো স্কীম হিসেবে গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী /উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | |

CS CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বিবিধ ৬ (ক) | ডেঙ্গসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সম্পর্কে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানান যে, ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে জয়পুরহাট পৌরসভা এলাকায় মশার উপদ্রব বিনষ্ট করণের প্রয়োজন। এছাড়া এখনো নিয়মিত বৃষ্টিপাত হওয়ায় ডেঙ্গু সহ অন্যান্য মশাবাহিত রোগের প্রাদুর্ভাব বৃদ্ধির সম্ভবনা রয়েছে। সে জন্য পৌরসভা রাজস্ব তহবিল হতে এডাল্টিসাইট ৬০০ লিটার ও লার্ভিসাইড ৫০ লিটার কীটরনাশক ঔষধ ক্রয় করা প্রয়োজন। | ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে নিয়মিত ভাবে এলাকা ভিত্তিক মশক নিধন করণের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে এডাল্টিসাইট ৬০০ লিটার ও লার্ভিসাইড ৫০ লিটার কীটরনাশক ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/স্যানেটারী ইন্সপেক্টর/কন্জারভেন্সী ইন্সপেক্টর | |

| ক্রমিক ন. | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬ (খ) | বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্রাফিসের কন্জারভেন্সী ইন্সপেক্টর সভায় জানান যে, সেপটিক ট্যাংক বা পিট থেকে পয়বর্জ্য খালি করে এফএসটিপি এ অপসারন করা হয়। অন্যদিকে বাসাবাড়ি হাট-বাজার, রাস্তা ঘাট কঠিন বর্জ্যগুলি থ্রি ইইলার, ভ্যানগাড়ি, ঠেলাগাড়ির মাধ্যমে নিয়মিত সংগ্রহ করে সেকেন্ডারি ষ্টেশনে জমা করে সেখান থেকে ট্রাকে করে ল্যান্ডফিল্ডে অপসারন করা হয়। কড়ই কাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ময়লা আবর্জনা পচনশীল ও অপচনশীল আলাদা করে, শুধু পচনশীল বর্জ্য স্যানেটারী ল্যান্ডফিল্ডে ফেলা হচ্ছে। তিনি আরোও বলেন, আপনারা অবগত আছেন প্রাথমিকভাবে ৫,৬,৭ ও ৮ নং ওয়ার্ডে এরাস ভেঞ্চাস লিমিটেড নামীয় একটি বেসরকারী প্রতিষ্ঠান পৌরসভার সাথে চুক্তিবদ্ধ হওয়ার প্রেক্ষিতে বাসা-বাড়ী হতে ময়লা আবর্জনা সংগ্রহ করছে এবং অবশিষ্ট ওয়াড সমূহের নিজস্ব ব্যবস্থপনায় ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারন করছে। | আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রাইলট প্রকল্প হিসাবে ৫,৬ ,৭ ও ৮ নং ওয়ার্ডে বেসরকারী অংশীদারিত্বের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার জন্য রিসোর্স এ্যাডভান্সমেন্ট সার্ভিসেস (এরাস) এর কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করাসহ নিয়মিত/প্রতিদিন ময়লা আবর্জনা দ্রুত অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/ স্যানেটারী ইন্সপেক্টর, কঞ্জারভেন্সী ইন্সপেক্টর জয়পুরহাট পৌরসভা। | |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৯/২০২৫

প্রশাসক
ও
সভাপতি, TLCC
জয়পুরহাট পৌরসভা

স্মারক ন.- জপৌস/সাধা/২০২৫/ ৪২৯ (৫০)

তারিখ ১৮/৯/২০২৫

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জনাব/বেগম.........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), জয়পুরহাট পৌরসভা।
৪। অফিস নথি।

১৮/৯/২৫
পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জয়পুরহাট পৌরসভা।

পরিশিষ্ট-'ক'

লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) প্রকল্পের শর্তঅনুযায়ী (PBG-2) বরাদ্দের গৃহীত স্কীম সমূহের তালিকা:

| Sl No | Name of Scheme (Road/Drain) | Length (m) | Estimate Amount (Tk) | Salvage Amount(Tk.) |
|---|---|---|---|---|
| 1 | Upgrading of Uni-Block Road Starting from Belamla Road to Belamla Bamonkunda Road at Bamonkunda.Ch 0.00-210.0m,Ward No-01 | 210.00 | 3,146,103.00 | 24,516.00 |
| 2 | Upgrading of Uni-Block Road Starting from Sadar Road to 1Nos Cadet College Gate at Polibari Road .Ch 0.00-1070.0m,Ward No-02 | 1070.00 | 7,877,445.00 | 120,665.00 |
| 3 | Construction of RCC Cover Drain Starting from Chokgopal RCC Drain to Chokgopal Modhopara Mosque at Chokgopal Modhopara,Ch 0.00-100.0m,Ward No-03 | 100.00 | 1,098,067.00 | - |
| 4 | Upgrading of Uni-Block Road Starting from Govt.College Road to Cement Factory By Pass Road,at Santinagor,Ch 0.00-760.0m,Ward No-04 | 760.00 | 4,126,208.00 | 29,368.00 |
| 5 | Construction of RCC Cover Drain Starting from Collage Road to Cement Factory By Pass Road,at Santinagor,Ch 0.00-210.0m,Ward No-04 | 210.00 | 2,266,519.00 | - |
| 6 | Upgrading of Uni-Block Road Starting from Govt.College Road to Station Road,at Santinagor,Ch 0.00-110.0m,Ward No-04 | 110.00 | 1,495,183.00 | - |
| 7 | Construction of RCC Cover Drain Starting from Natunhat RCC Drain to Poshim Janiarbagan RCC Drain at Janiarbagan,Ch 0.00-170.0m,Ward No-05 | 170.00 | 1,853,633.00 | - |
| 8 | Upgrading of Uni-Block Road Starting from Sadar Road to DC Complex Road,at Zila Model Mosque,Ch 0.00-120.0m,Ward No-06 | 120.00 | 1,166,602.00 | - |
| 9 | Construction of RCC Cover Drain Starting from Sadar Road to DC Complex Road,at Zila Model Mosque,Ch 0.00-120.0m,Ward No-06 | 120.00 | 918,048.00 | - |
| 10 | Upgrading of Uni-Block Road Starting from Pashurchalk Road to Jubbermondalpara Road at Purbo Sabuznagor.Ch 0.00-350.0m,Ward No-07 | 350.00 | 4,267,985.00 | 74,910.00 |
| 11 | Construction of RCC Cover Drain Starting from Pashuchalk Mondalpara RCC Drain to Pashuchalk Mondalpara Mosque at Pashuchalk Mondalpara,Ch 0.00-220.0m,Ward No-07 | 220.00 | 2,393,205.00 | - |
| 12 | Upgrading of Uni-Block Road Starting from Sadar Road to Patarpara Road at Patarpara.Ch 0.00-450.0m,Ward No-07 | 450.00 | 3,970,712.00 | 25,538.00 |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| 13 | Construction of RCC Cover Drain Starting from Sadar Road to Patarpara Road at Patarpara.Ch 0.00-210.0m,Ward No-07 | 210.00 | 2,266,519.00 | |
| 14 | Upgrading of Uni-Block Road Starting from Bamonpur Road to Bamonpur Debnathpara at Debnathpara.Ch 0.00-220.0m,Ward No-08 | 220.00 | 3,374,396.00 | - |
| 15 | Upgrading of Uni-Block Road Starting from Govt.Atemkhana Road to Madargonj RCC Road at Aramnagor Abbas Ali Academi.Ch 0.00-320.0m,Ward No-09 | 320.00 | 3,137,509.00 | 26,176.00 |
| **Gross Total Estimate Amount Tk=** | | | **43,358,134.00** | **301,173.00** |
| **PD Office Approval Estimate Amount Tk=** | | | **43,334,413.00** | |

১৮/০৯/২৫
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)
জয়পুরহাট পৌরসভা।

১৮/৯/২৫
আবু জাফর মোঃ রেজা
নির্বাহী প্রকৌশলী
বিএসসি ইঞ্জিনিয়ার (সিভিল)
জয়পুরহাট পৌরসভা।

১৮/০৯/২০২৫
মোহাঃ সবুর আলী
প্রশাসক
জয়পুরহাট পৌরসভা